

স্মারক নম্বর: ৪৭.৬২.৬১০০.৮০২.৩১.০০৩.১৯.২০৬

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৬

০১ অক্টোবর ২০১৯

বিষয়: গৌরীপুর উপজেলার মহিলা উন্নয়ন অনুবিভাগ এর নিজস্ব তহবিল হতে প্রাথমিক সমবায় সমিতি পর্যায়ে ঋণ মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র: ৪৭.৬২.৬১.২৩.৮০২.২০.০৬২.১৪.৩০৩ তারিখ : ২৫.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে গৌরীপুর ইউসিসিএলি: এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত ও ইউআরডিও' এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ঋণ মঞ্জুর করা হলো।

ক্র: নং	সমিতির নাম	সদস্য সংখ্যা	ইউসিসিএ কর্তৃক মঞ্জুরীকৃত টাকার পরিমাণ	মন্তব্য
০১	মাছুয়াকান্দা এম এস এস	৬	১,৭০,০০০/-	
০২	ধোপাজাঙ্গালিয়া এম এস এস	১৬	২,৮০,০০০/-	
	মোট	২২	৪,৫০,০০০/-	

- ঋণ বিতরণের ক্ষেত্রে মহিলা উন্নয়ন অনুবিভাগের প্রচলিত হালনাগাদ নিয়মাবলী ও নীতিমালা অনুসরণ করে মহিলা সমবায় সমিতি: এর সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করতে হবে।
- ঋণ বিতরণের ক্ষেত্রে সমিতি ও ঋণ গ্রহণকারী সদস্যদের মউ কর্মসূচী পরিচালন নীতিমালা অনুযায়ী অনুমোদিত ঋণের বিপরীতে ১০% হিসাবে শেয়ার এবং ঋণের বিপরীতে দফাওয়ারী সদস্য ও সমিতি পর্যায়ে আনুপাতিক হারে সঞ্চয় ব্যাংকে জমা নিশ্চিত করতে হবে।
- ঋণ বিতরণের সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রাদি গ্রহন করতে হবে। এছাড়াও ঋণের আবেদন পত্রের সাথে ছবি, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি নিশ্চিত করতে হবে।
- মউ কর্মসূচীর প্রচলিত সুদের হার ধার্য করে ঋণ বিতরণ ও আদায় করতে হবে। ঋণের সময়মীমা ১ বৎসর তবে ৪৪ কিস্তিতে আদায়যোগ্য (৮টি কিস্তি ও গ্রেস পিরিয়ড)। সেবামূল্য/সুদসহ কিস্তির পরিমাণ উল্লেখ করতে হবে। ঋণ আদায়ের তথ্য WCS বাধ্যতা মূলক লিপিবদ্ধ করতে হবে।
- মহিলা উন্নয়ন অনুবিভাগের বিতরণকৃত ঋণ সরকার ঘোষিত মওকুফের আওতায় পরবে না। ঋণ গ্রহণের সময় সদস্যদের নিকট হতে অঙ্গীকারনামা গ্রহন করতে হবে।
- অফিসে সকল সদস্যদের উপস্থিতিতে ঋণ বিতরণ করতে হবে ও পাশবহিতে লিপিবদ্ধ করতে হবে।
- সদস্যদেরকে ব্যাংকিং প্লানের সিলিং এর উর্ধ্বে এবং অনিবন্ধনকৃত কোন সমিতিতে ঋণ বিতরণ করা যাবে না। ঋণ বিতরণ শেষে ১ সপ্তাহের মধ্যে বিতরণ সনদ জেলা দপ্তরে দাখিল করতে হবে।
- নীতিমালা ও নিয়মবর্ধিতভাবে ঋণ বিতরণ করলে ইউআরডিও ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।



২-১০-২০১৯

মোহাম্মদ জাহিদুল ইসলাম

উপপরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ


ফোন: ০৯১৬৬৭৪৩

স্মারক নম্বর: ৪৭.৬২.৬১০০.৮০২.৩১.০০৩.১৯.২০৬/১(২)

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৬  
০১ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ২) সভাপতি, গৌরীপুর ইউসিসিএ লি., গৌরীপুর, ময়মনসিংহ।



২-১০-২০১৯

মোহাম্মদ জাহিদুল ইসলাম  
উপপরিচালক